রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৯, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ / ২৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং-১০৬-আইন/২০২০/৯২-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উৎপাদন পর্যায়ে মূসক অব্যাহতি সুবিধাপ্রাপ্ত ও নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা উৎপাদনকারী ইউনিট ব্যতীত অন্য কোনো ইউনিটকে কেন্দ্রীয় নিবন্ধনের আওতাভুক্ত করে নাই এইরূপ প্রতিষ্ঠানের উপকরণ আমদানির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, আমদানি পর্যায়ে আরোপণীয় আগাম কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(ক) উৎপাদনকারী প্রতিষ্ঠান যে প্রজ্ঞাপনের অধীন স্থানীয় উৎপাদন পর্যায়ে প্রযোজ্য সমুদয় মূসক অব্যাহতিপ্রাপ্ত হইয়াছে সেই প্রজ্ঞাপনের শর্তাবলি পরিপালন করিতে হইবে;

(খ) উৎপাদনকারী প্রতিষ্ঠান কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হইলে, উক্ত কেন্দ্রীয় নিবন্ধনের অধীন উহার নিজস্ব মালিকানাধীন কোনো বিক্রয় কেন্দ্র, ডিপো, ওয়্যার হাউজ বা অন্য কোনো ব্যবসায়ী ইউনিট অন্তর্ভুক্ত থাকিতে পারিবে না; এবং

(গ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন মূল্য সংযোজন কর, সুদ, অর্থদণ্ড বা জরিমানা বাবদ কোনো নিরঙ্কুশ (undisputed) বকেয়া দায়-দেনা থাকা যাইবে না।


মূল্য : টাকা ৪.০০

২। এই প্রজ্ঞাপন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

(ক) শুধুমাত্র শিল্পায়নের লক্ষ্যে স্থানীয় উৎপাদন পর্যায়ে প্রযোজ্য সমুদয় মূসক অব্যাহতি প্রদান করা হইয়াছে এইরূপ নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান; এবং

(খ) যেসকল নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিয়মিত অর্থনৈতিক কার্যক্রমের ফলে উৎপাদ করের দায় সৃষ্টি হয় না এবং আমদানি পর্যায়ে পরিশোধিত বা পরিশোধযোগ্য সমুদয় আগাম কর ফেরতের প্রয়োজন হয় এইরূপ প্রতিষ্ঠান।

৩। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তার কার্যালয়ে তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামাসহ আবেদন করিতে হইবে।

৪। দফা ৩ এর অধীন দাখিলকৃত আবেদনের ভিত্তিতে মূল্য সংযোজন কর কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের শর্তাবলি পরিপালন, দাখিলকৃত দলিলাদি, কর প্রদান সংক্রান্ত তথ্য, ইত্যাদি যাচাইপূর্বক এতদ্‌সংক্রান্ত একটি প্রতিবেদন অনধিক ত্রিশ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

৫। দফা ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক অব্যাহতির আবেদনের বিষয়ে সুস্পষ্ট সুপারিশসহ পনেরো কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন।

৬। দফা ৫ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে পরিপালন হওয়া সাপেক্ষে দশ কার্যদিবসের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করিবে এবং উহা অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে।

৭। কোনো নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর প্রদান সংক্রান্ত শর্তাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে বা তথ্য গোপন করিয়া এই প্রজ্ঞাপনের অধীন সুবিধা গ্রহণ করিলে উহা তাৎক্ষণিক বাতিল হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.